

নোবিপ্রবির বিএমএস বিভাগের শিক্ষার্থীদের আমরণ অনশনের ঘোষণা

নোবিপ্রবি
প্রতিনিধি

০৪
সেপ্টেম্বর,
২০২৩
১৬:৪৭

শেয়ার

অ +

অ -



নাম অপরিবর্তিত রেখে ডিগ্রি পরিবর্তন করার দাবিতে এবার আমরণ
অনশনের ঘোষণা দিয়েছে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের
(নোবিপ্রবি) বাংলাদেশ ও মুক্তিযুদ্ধ স্টাডিজ বিভাগের শিক্ষার্থীরা।

সোমবার (৪ সেপ্টেম্বর) বেলা ১২টায় বিশ্ববিদ্যালয়ের বীর মুক্তিযোদ্ধা হাজী
মোহাম্মদ ইদ্রিস অডিটোরিয়াম ভবনের সামনে এক সংবাদ সম্মেলনে এ
ঘোষণা দিয়েছেন তারা।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন আন্দোলনের মুখপাত্র ও
বিএমএস বিভাগের শিক্ষার্থী আবদুল্লাহ আল মামুন সাক্বির।

সংবাদ সম্মেলনে আন্দোলনরত শিক্ষার্থীরা বলেন, নোয়াখালী বিজ্ঞান ও
প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বাংলাদেশ ও মুক্তিযুদ্ধ স্টাডিজ বিভাগের নাম
অপরিবর্তিত রেখে ডিগ্রি পরিবর্তন করার দাবিতে আমরা আজ প্রায় চার
মাস যাবৎ ক্লাস পরীক্ষা বর্জন করে শান্তিপূর্ণ আন্দোলন চলমান রেখেছি।

আমাদের আন্দোলনের মুখ্য বিষয় হলো বিভাগের নাম অপরিবর্তিত রেখে ডিগ্রি পরিবর্তন। ডিগ্রিজনিত যে সমস্যা তা হলো আমাদের প্রথম দুটি ব্যাচ গ্রাজুয়েশন শেষ করে যখন চাকরির বাজারে প্রতিযোগিতায় সমস্যার সম্মুখীন হচ্ছে।

আমরা আন্দোলনে নেমেছি শান্তিপূর্ণভাবে। কখনো প্রশাসনের সাথে অসহযোগিতামূলক কোন আচরণ করিনি।

কিন্তু প্রশাসনের অবহেলার স্বীকার হয়েছি। আন্দোলনের শুরুতে বিশ্ববিদ্যালয় প্রশাসন একাডেমিক কাউন্সিলে সিদ্ধান্ত নিলেও দীর্ঘ সময় ধরে প্রায় চার মাস আমাদের বিভাগের ডিগ্রি পরিবর্তনের বিষয়টির কোন সুরাহা হয়নি। আমরা যারা শেষ বর্ষে আছি তারা এখন চাকরির প্রস্তুতিসহ ক্যারিয়ার গঠনের গুরুত্বপূর্ণ সময় রেখে আন্দোলনে সময় দিয়েও প্রশাসনের অবহেলায় কোন সমাধান পাইনি। এখন আমাদের দেয়ালে পিঠ ঠেকে গেছে।

লিখিত বক্তব্যে তারা আরো বলেন, আমাদের সমস্যা সমাধান না হওয়া পর্যন্ত আমরা ক্লাসে ফিরব না। আগামী দশ দিনের মধ্যে বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে আমাদের বিভাগের ডিগ্রি পরিবর্তনজনিত সমস্যা সমাধান না হলে আমরা আমরণ অনশনে যেতে বাধ্য হব।